## বিধিমালা সংক্রান্ত সংশোধন:

(১) **অথোরাইজ ইকোনোমিক অপারেটর বিধিমালা, ২০২৪ এর সংশোধন:**

(ক) বিদ্যমান বিধিমালায় নিরীক্ষা প্রতিবেদন দাখিলের বিধান রয়েছে। বাণিজ্য সহজীকরণের উদ্দেশ্যে উক্ত বিধিমালায় উল্লিখিত "সম্পন্নকৃত হালনাগাদ নিরীক্ষার প্রতিবেদন" এর শর্তটি বিলুপ্ত করা হয়েছে।

(খ) বিধি ১০ এর অধীন শ্রেণী-১, শ্রেণী-২ ও শ্রেণী-৩ ভুক্ত AEO প্রতিষ্ঠানসমূহ কর্তৃক যথাক্রমে ২০%, ৩০% ও ৫০% System based Self Assessment এর মাধ্যমে পণ্য খালাসের বিধান পরিবর্তে যথাক্রমে ৪০%, ৬০% ও ৮০% পণ্যচালান Self Assessment এর মাধ্যমে পণ্য খালাসের বিধানটি সংশোধন করা হয়েছে।

**(২)** কাস্টমস আইন, ২০২৩ এর আওতায় বেসরকারি বন্দর ও টার্মিনাল অপারেটরদের লাইসেন্স প্রদান এবং কার্যপদ্ধতি নির্ধারণের লক্ষ্যে প্রেক্ষিতে "বেসরকারি বন্দর এবং টার্মিনাল অপারেটর বিধিমালা, ২০২৬" নামীয় একটি নতুন বিধিমালা জারি করা হয়েছে।

**(৩)** **কাস্টমস ঝুঁকি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২৫ এর সংশোধন :**

(ক) বিধি ২ এ নতুন দফা (ডড) এ "ঝুঁকি রেজিস্ট্রার (risk register)" এর সংজ্ঞা অন্তর্ভুক্ত করা হয়েছে।

(খ) বিধি ৪ এ কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট এবং ইকোনমিক জোন কমিশনারেট অন্তর্ভূক্ত করা হয়েছে।

(গ) মাঠ পর্যায়ের দপ্তরসমূহ কর্তৃক খালাসোত্তর নিরীক্ষা, বার্ষিক নিরীক্ষা বা নিরীক্ষায় পণ্যচালানের ঝুঁকি সম্পর্কিত কোন তথ্য প্রাপ্ত বা উদঘাটিত হইলে তা কাস্টমস ঝুঁকি ব্যবস্থাপনা বিধিমালা ২০২৫, অনুযায়ী বিধি ২(ক) অর্থনৈতিক ঝুঁকির উল্লেখযোগ্য কারণ হিসেবে পরিগণিত হয় সেহেতু বিধিমালা অনুযায়ী কাস্টমস সংক্রান্ত সার্বিক ঝুঁকি ব্যবস্থাপনা বাস্তবায়নের লক্ষ্যে বর্ণিত দপ্তরসমূহ কর্তৃক প্রাপ্ত বা উদঘাটিত ঝুঁকিসমূহকে এআরএমএস সফটওয়্যারে এন্ট্রি করা যুক্তিযুক্ত। এছাড়া পণ্যচালান খালাসের বিভিন্ন পর্যায়ে গোয়েন্দা তথ্য আসে। উক্ত গোয়েন্দা তথ্যের ভিত্তিতে যে কোনো পণ্যচালান খালাস স্থগিত করার বিধান থাকা সমীচীন। উক্তরূপ বিধান না থাকলে স্থানীয় পর্যায়ে এনফোর্সমেন্ট বাধাগ্রস্থ হতে পারে। তাই কাস্টমস ঝুঁকি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২৫ এর বিধি ৪ এ নূতন উপবিধি (৪) ও (৫) সংযোজন করা হয়েছে।

(ঘ) ইকোনমিক জোন কমিশনারেট আমদানি-রপ্তানী সংক্রান্ত কার্যক্রমের সাথে সম্পর্কিত বিধায় বিধি ৫ এর উপবিধি (১) এ ইকোনমিক জোন কমিশনারেট কে অন্তর্ভূক্ত করা হয়েছে।

(ঙ) যেহেতু কাস্টমস সংক্রান্ত সার্বিক ঝুঁকি আমদারিকারক ও রপ্তানিকারক দ্বারাও সংঘঠিত হওয়ার সম্ভাবনা রয়েছে সেহেতু কাস্টমস ঝুঁকি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২৫ অনুযায়ী কাস্টমস সংক্রান্ত সার্বিক ঝূঁকি ব্যবস্থাপনা বাস্তবায়নের লক্ষ্যে বিধি ৭ এ আমদারিকারক ও রপ্তানিকারক অংশটুকু অন্তর্ভুক্ত করা হয়েছে।

**(৪) সাময়িক আমদানি বিধিমালা, ২০২৫ সংশোধন:**

Anchor Boat, consumable পণ্য না হওয়ায় বিদ্যমান বিধিমালায় উল্লিখিত Consumable পণ্যের তালিকা হতে Anchor Boat কে প্রত্যাহার করা হয়েছে।

(৫) আইনানুগ শুল্কমুক্তভাবে স্বর্ণবার ও স্বর্ণ টুকরা আমদানি এবং তা হতে প্রস্তুতকৃত স্বর্ণালংকার রপ্তানি কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে “বন্ডেড ওয়্যারহাউস পদ্ধতির আওতায় স্বর্ণবার ও স্বর্ণ টুকরা আমদানি ও তা হতে প্রস্তুতকৃত স্বর্ণালঙ্কার (Gold Jewellery) রপ্তানি কার্যক্রম পরিচালনা পদ্ধতি বিধিমালা, ২০২৬” জারি করা হয়েছে।

(৬) বৈশ্বিক বাণিজ্য সম্প্রসারণের প্রেক্ষিতে দেশীয় রপ্তানি বাণিজ্যের প্রসার ও আমদানি বাণিজ্য সহজীকরণ এবং সরকারি রাজস্ব সুরক্ষার স্বার্থে বেসরকারি আইসিডি/সিএফএস বা অফডক স্থাপন ও পরিচালনা সংক্রান্ত বিষয়সমূহ অধিকতর যুগোপযোগী ও সহজীকরণের লক্ষ্যে “কাস্টমস অভ্যন্তরীণ বেসরকারি কন্টেইনার ডিপো ও কন্টেইনার ফ্রেইট স্টেশন স্থাপন, লাইসেন্সিং ও ব্যবস্থাপনা বিধিমালা, ২০২৬” জারি করা হয়েছে।

(৭) রপ্তানিকারক শিল্পখাতের বিদ্যমান সমস্যাসমূহ নিরসনের লক্ষ্যে ওয়্যারহাউস লাইসেন্সবিহীন শতভাগ সরাসরি রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠানসমূহকে বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রচ্ছন্ন রপ্তানিকারক প্রতিষ্ঠানের নিকট হতে ব্যাক টু ব্যাক ঋণপত্রের বিপরীতে সুনির্দিষ্ট কাঁচামাল সংগ্রহের অনুমোদন প্রদান ও কার্যপদ্ধতি নির্ধারণের লক্ষ্যে “ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান হইতে সরাসরি রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠানে কাঁচামাল বা উপকরণ হিসেবে পণ্য সরবরাহ ও রপ্তানি বিধিমালা, ২০২৬” জারি করা হয়েছে।

(৮) এয়ার কার্গো এর আমদানি-রপ্তানি হ্যান্ডলিং, পরিবহন, নিরাপত্তা, রাজস্ব সুরক্ষা ও বন্ডেড ওয়্যারহাউসে পণ্য সংরক্ষণের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে

“এয়ার কার্গো অপারেটর’স স্টেশন (এসিওএস) বিধিমালা, ২০২৬” জারি করা হয়েছে।

## কাস্টমস (রপ্তানি ও বন্ড) সংশ্লিষ্ট সংশোধন:

রপ্তানি বাণিজ্যের বৃহত্তর স্বার্থে বন্ডেড ওয়্যারহাউস ব্যবস্থাপনা যুগোপযোগীকরণের নিমিত্ত এবং জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে বিদ্যমান ওয়্যারহাউস ব্যবস্থাপনা ও রপ্তানি সংক্রান্ত নিম্নবর্ণিত প্রজ্ঞাপনসমূহ নিম্নরূপভাবে সংশোধন/পুনর্বিন্যাস করা হয়েছে:

(১) ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ (এস.আর.ও নং ২০৯-আইন/২০২৪/৬১/কাস্টমস, তারিখ: ২৯/০৫/২০২৪ খ্রি:) এর সংশোধনী প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

(২) ওয়্যারহাউসে পণ্য সংরক্ষণের মেয়াদ নির্ধারণ বিধিমালা, ২০২৪ **(এস.আর.ও** নং ২১১-আইন/২০২৪/৬৩/ কাস্টমস, **তারিখ:** ২৯/০৫/২০২৪ খ্রিঃ) এর সংশোধনী প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

(৩) সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী (পোশাক শিল্প ব্যতীত) শিল্প প্রতিষ্ঠান (ওয়্যারহাউস পদ্ধতির আওতায় সাময়িক আমদানি, ওয়্যারহাউস পরিচালনা ও কার্যপদ্ধতি) বিধিমালা, ২০২৪ (এস.আর.ও নং ২১২-আইন/২০২৪/ ৬৪/কাস্টমস, তারিখ: ২৯/০৫/২০২৪ খ্রিঃ) এর সংশোধনী প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

(৪) সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী (পোশাক শিল্প ব্যতীত) শিল্প প্রতিষ্ঠানের বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ বিধিমালা, ২০২৪ (এস.আর.ও নং ২১৪-আইন/২০২৪/৬৬/কাস্টমস, তারিখ:২৯/০৫/২০২৪ খ্রিঃ) এর সংশোধনী প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

(৫) আমদানিকৃত কাঁচামাল দ্বারা উৎপাদনকৃত পণ্য রপ্তানির লক্ষ্যে প্রযোজ্য শুল্ক-করাদির বিপরীতে ব্যাংক গ্যারান্টি দাখিল সংক্রান্ত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ৩৮৪-আইন/২০২৫/১০৬/কাস্টমস এর সংশোধন করা হয়েছে।

(৬) সাধারণ বন্ড বিধিমালা, ২০২৪ (এস.আর.ও নং ২১০-আইন/২০২৪/৬২/কাস্টমস, তারিখ: ২৯/০৫/২০২৪ খ্রি:) এর সংশোধনী প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

(৭) সরাসরি রপ্তানিমুখী পোশাক শিল্প প্রতিষ্ঠান (ওয়্যারহাউস পদ্ধতির আওতায় সাময়িক আমদানি, ওয়্যারহাউস পরিচালনা ও কার্যপদ্ধতি) বিধিমালা, ২০২৪ (এস.আর.ও নং ২১৩-আইন/২০২৪/৬৫/কাস্টমস, তারিখ: ২৯/০৫/২০২৪ খ্রি:) এর সংশোধনী প্রজ্ঞাপন জারি করা হয়েছে।